



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

“অথরিটি ভবন”

ই-১২/এ, আগারগাঁও, ঢাকা বাস্তু নং-২৪০, ঢাকা-১২০৭

ফোন নং ৮- +৮৮০-২-৮১৮১৩৩৭, ফ্যাক্স - +৮৮০-২-৮১৮১০১৫, ই-মেইল: baera2013@yahoo.com

এক্স রে স্থাপনা/বিকিরণ উৎস উৎপাদনকারী যন্ত্রপাতির নতুন লাইসেন্স গ্রহণের সাধারণ নিয়মাবলী

- ১। X-ray Machine এর লাইসেন্সের জন্য গ-শ্রেণীর আবেদন ফরম ৫০/- টাকার বিনিময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর হিসাব শাখা হতে সংগ্রহ করতে হবে।
- ২। আবেদনপত্র ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। প্রয়োজনে অত্র কর্তৃপক্ষের বিকিরণ নিয়ন্ত্রণ ইউনিটের সহযোগিতা নেওয়া যেতে পারে।
- ৩। পূরণকৃত আবেদন ফরমে আবেদনকারীর/ লাইসেন্সধারী ও বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO)-এর পূর্ণ নাম (বাংলায় এবং ইংরেজীতে), পদবী স্বাক্ষর ও সীলসহ তারিখ অবশ্যই থাকতে হবে।
- ৪। “বাঃ পঃ শঃ নিঃ কঃ রেগুলেটরী ফি” এই শিরোনামে পানিবিনি বিবিমালা-১৭ এর তফসীল-৬ অনুযায়ী প্রতিটি মেডিকেল ডায়াগনস্টিক এক্স-রে মেশিনের জন্য ফি ১০,০০০/- (দশ হাজার) NDT কাজের X-ray মেশিনের জন্য ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা যে কোন ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে পূরণকৃত ফরমের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ছাড়া কোন নগদ টাকা গ্রহণ করা হয়না।
- ৫। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবেঃ
 - (ক) লাইসেন্স প্রাপ্তির নিমিত্তে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাক্কা বক্স নং-২৪০, ঢাকা-১২০৭-বরাবর লিখিত একটি আবেদনপত্র;
 - (খ) যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম
 - (গ) যথাযথভাবে পূরণকৃত বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার আবেদন পত্র যা অফিস থেকে সরবরাহ করা হয়েছে;
 - (ঘ) বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
 - (ঙ) বিকিরণ কর্মীদের ব্যক্তি পরীবহনের জন্য স্বাস্থ্য পদার্থ বিজ্ঞান বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্র, ৩ কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, পোঃ বক্স নং-১৬৪, রমনা ঢাকা-১০০০ (ফোনঃ ৮৬২১৩২১, ৯৬৭৫০১১, ফ্যাক্সঃ ৮৬১৩০৫১) হতে টিএলডি ব্যাজ প্রাপ্তির প্রমাণপত্র অথবা প্রাপ্তির নিমিত্তে আবেদনপত্রের সত্যায়িত কপি
 - (চ) অনুঃ-৪-এ বর্ণিত লাইসেন্স ফি প্রদানের প্রমাণপত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি।
 - (ছ) NDT কাজের জন্য X-ray কক্ষের বিস্তারিত Shielding বিশ্লেষণসহ Design এর কপি।
 - (জ) Radiation Survey Meter সংগ্রহের কপি প্রমাণপত্র।
- (৬) প্রয়োজনীয় কাগজপত্রের অভাব, অসম্পূর্ণ আবেদনপত্র অথবা লাইসেন্স ফি প্রদানের প্রমাণ (অর্ডার/ব্যাংক ড্রাফট) এর মধ্যে কোন সমস্যা থাকলে লাইসেন্স প্রদানের প্রক্রিয়া বিলম্বিত হতে পারে।
- (৭) পরিপূর্ণ তথ্য অত্র কর্তৃপক্ষে পৌছানোর তারিখ দরখাস্ত গ্রহণের তারিখ হিসাবে গন্য হবে।
- (৮) আবেদনপত্র গ্রহণ করার পর প্রয়োজনীয় ক্ষেত্রে পরিদর্শন সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে।
- (৯) পরিপূর্ণ ঠিকানা সম্পর্কিত অগ্রায়ণপত্র ছাড়া কোন তথ্য গ্রহণ করা হবে না।

বিকিরণ নিয়ন্ত্রণ ইউনিট (কক্ষ নং-৩০১)

ফোন নং ৮১৮১৩৩৭